আজকের কাগজ

তারিখ 25 NOV 1993
পৃষ্ঠা 2 কলাম 6

56

29

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক নতুন বিভাগ হবে

**কাগজ প্রতিবেদক :** দেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস ও মুক্তিযুদ্ধের ওপর ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি নতুন বিভাগ খোলা হবে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির নেতাদের সঙ্গে আলাপকালে উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমেদ এ কথা জানান। তিনি আরো বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে কয়েকটি কেন্দ্রকে ইন্সটিটিউটে রূপান্তরিত করা হবে। এ সব ইন্সটিটিউটে পরিবেশ ও প্রাকৃতিক দুর্যোগ এবং সঙ্গীত ও নৃত্যকলা বিষয়ে ডিগ্রী দেয়া হবে।

উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমেদ বলেন, আমাদের ছাত্র-ছাত্রীরা যাতে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের সার্বিক দিক বিশেষত-এর রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক বিষয়ের ওপর ব্যাপক পড়াশুনা ও গবেষণা করতে পারে সে জন্যে এ বিভাগটি খোলা হবে।

উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমেদ গতকাল উপাচার্য ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির নব নির্বাচিত সদস্যদের সঙ্গে আলাপকালে এ কথা জানান। এ-সময় সমিতির সভাপতি রেজাউল করিম লোটাস, সাধারণ সম্পাদক ফরিদুজ্জামান ফরিদ ও অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন, নেতাদের সঙ্গে আলাপকালে উপাচার্য জানান, ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী ক্লাস ও পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হচ্ছে।